

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিগরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/ ০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৪৩.১৬.০৭৩—জনাব মাহবুব আহমেদ অর্থ বিভাগের সিনিয়র সচিব হিসাবে দায়িত্ব পালনশেষে বাংলাদেশ সরকারের মনোনয়নে চলতি বছরের মার্চ মাসের শুরুতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন।

২। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মাহবুব আহমেদ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে এবং তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্থান্ত্র ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ১৫ ফাল্গুন ১৪২৩/২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এন. এম. জিয়াউল আলম
সচিব (সমন্বয় ও সংস্কার)

(২১৬৩)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা: $\frac{১৫ ফাল্গুন ১৪২৩}{২৭ ফেব্রুয়ারি ২০১৭}$

জনাব মাহবুব আহমেদ বিসিএস ১৯৮২ ব্যাচের সদস্য হিসাবে মনোনীত হয়ে ২৭ অক্টোবর ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (কর) ক্যাডারে যোগদান করেন। ২০০১ সাল পর্যন্ত তিনি কর বিভাগে এবং জাতীয় রাজস্ব বোর্ডে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি ২০০১ সালে সরকারের উপসচিব পদে যোগদান করেন। চাকরি জীবনে তিনি সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় কর্মরত ছিলেন। অর্থ বিভাগের সিনিয়র সচিব হিসাবে নিযুক্তির পূর্বে তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মাহবুব জুলাই ২০১৪ হতে এ পর্যন্ত প্রায় তিনি বছর অত্যন্ত যোগ্যতা ও দক্ষতার সঙ্গে অর্থসচিবের দায়িত্ব পালন করেছেন। দেশের সামষিক অর্থনৈতিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার-গৃহীত বিভিন্ন নীতি ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে তিনি সর্বোচ্চ নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। অর্থ বিভাগের কার্যক্রমে গুণগত পরিবর্তন সাধনে তিনি প্রশংসনীয় ভূমিকা রেখেছেন।

জনাব মাহবুব প্রায় ৩৪ বছর যাবৎ দক্ষতা ও পেশাদারিতের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন। তিনি বাংলাদেশ সরকারের মনোনয়নে মার্চ মাসের শুরুতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন। উক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রেও তিনি তাঁর পেশাগত দক্ষতার স্বাক্ষর রাখবেন বলে মন্ত্রিসভা আশা প্রকাশ করছে।

সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা জনাব মাহবুব আহমেদ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে এবং সেইসঙ্গে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছে। মন্ত্রিসভা জনাব মাহবুব আহমেদ ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু সুস্থান্ত্র ও সুন্দর জীবন কামনা করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd